

প্যারিস মাতালেন ফরিদা পারভীন



বাড়ির কাছে আরশি নগর, সেথায় এক পড়শি বসত করে, আমি একদিনও না দেখিলাম তারে। এরকম আরো অনেক গানের লালন কিংবদন্তী ফরিদা পারভীন প্যারিস মাতিয়ে গেলেন গত শুক্রবার। হাজারো দর্শকের মুহু মুহু করতালিতে কানায় কানায় পূর্ণ থিয়েটার হলটি মুখরিত হয়ে উঠেছিলো। দেশী বিদেশি হাজারো দর্শক শ্রোতার হৃদয় জয় করে গেলেন তার সুরের মূর্ছনায়।

গতকাল প্যারিসে বিশিষ্ট লালনগীতি শিল্পী ফরিদা পারভীনের একক মনোভক্ত সংগীতানুষ্ঠান অনুষ্ঠিত হয়। শহরের ম্যারি দো লিলার গার্দ ছারস থিয়েটারে এই অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

সম্পূর্ণ ফরাসি সরকারের পৃষ্ঠপোষকতায় আয়োজনে ছিলেন কনসাই রেজিও ইল দো ফস। মিডিয়া পার্টনার হিসেবে দায়িত্বে ছিলেন জনপ্রিয় ওয়েব ম্যাগাজিন একটি বাংলাদেশ।

আন্তর্জাতিক সংগীত উৎসবের অংশ হিসেবে ফরিদা পারভীন এখানে আমন্ত্রিত হন। অনুষ্ঠানে তিনি লালনগীতি পরিবেশন করেন এবং হল ভর্তি দর্শকদের সুরের মূর্ছনায় বিমোহিত করেন। দেশি বিদেশি কয়েক হাজার দর্শক হাজার দর্শক শ্রোতা অনুষ্ঠানটি উপভোগ করেন।

ফরিদা পারভীনের সংগীতানুষ্ঠান উপলক্ষে প্যারিসের বাংলাদেশ কমিউনিটিতে বেশ সাড়া জাগে। বিশেষ করে স্থানীয় সাংস্কৃতিক জগতের ব্যক্তিত্বদের ভিতর বেশ সাড়া জাগে। অনুষ্ঠানে বিদেশি ভিআইপি ছাড়াও উপস্থিত ছিলেন ক্রান্তে বাংলাদেশের রাষ্ট্রদূত, ফাষ্ট সেক্রেটারি আনোয়ারুল হক মুকুল ও সেকেন্ড সেক্রেটারি।



ভক্ত পরিবেষ্টিত ফরিদা পারভীন

সাংস্কৃতিক জগতের মধ্যে উপস্থিত ছিলেন, বিশিষ্ট সমাজ সেবক শহিদুল ইসলাম মানিক, ওয়েব ম্যাগাজিন একটি বাংলাদেশের সম্পাদক ওয়াসিম খান পলাশ, গায়ক আরিফ রানা, সাংস্কৃতিক ব্যক্তিত্ব জুয়েল, রাহুল, মুহিত, হাসনাত জাহান, রব্বা ভাবী, মনির আরো অনেকে।

ফরিদা পারভীন আজ সকালে হল্যান্ডের উদ্দেশ্যে প্যারিস ত্যাগ করবেন। তিনি এ সপ্তাহে হল্যান্ডে দুটি ও সুইজারল্যান্ডে একটি করবেন প্রোগ্রাম করবেন জানিয়েছেন।

নিউজ
ওয়ামিস খান পলাশ